

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 18 April, 2025

তিন বছর আগে ঘটে যাওয়া বহুল আলোচিত ‘টিপ-কাণ্ড’ নতুন করে আলোচনায় এসেছে। ওই ঘটনার জেরে তেজগাঁও কলেজের শিক্ষক লতা সমাদ্দারসহ ১৮ জনের বিরুদ্ধে মানহানির মামলা দায়ের করেছেন বরখাস্ত হওয়া ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কনস্টেবল নাজমুল তারেক। মামলার আসামিদের মধ্যে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক এবং নাট্য অভিনেতা মনোজ কুমার প্রামাণিকও রয়েছেন।

বৃহস্পতিবার (১৭ এপ্রিল) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালত মামলাটি আমলে নিয়ে তদন্তের জন্য শেরেবাংলা নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) নির্দেশ দিয়েছেন।

মামলায় বাদী পক্ষের দাবি, আসামিরা সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন মাধ্যমে বাদীর সম্মানহানি করেছেন এবং তাঁর পেশাগত জীবনে নেতিবাচক প্রভাব ফেলেছেন।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে এখনো আনুষ্ঠানিক কোনো মন্তব্য পাওয়া যায়নি। তবে বিশ্ববিদ্যালয়ের একাধিক শিক্ষক সামাজিক যোগাযোগমাধ্যমে শিক্ষক মনোজ কুমার প্রামাণিকের পাশে থাকার কথা জানিয়ে পোস্ট দিয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগের এক শিক্ষার্থী বলেন, “স্যার সবসময় মানবিক ও ন্যায়ভিত্তিক চিন্তায় বিশ্বাস করেন। ওই ঘটনার সময় অনেকেই প্রতিবাদ

জানিয়েছিলেন, এটা ছিল এক ধরনের সামাজিক দায়িত্ব পালন?”

নিয়মমাফিক অর্জিত ছুটিতে থাকায় এ বিষয়ে শিক্ষক মনোজ কুমার প্রামাণিকের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও মন্তব্য পাওয়া যায়নি।

প্রসঙ্গত, ২০২২ সালের ২ এপ্রিল তেজগাঁও কলেজের সামনে শিক্ষক লতা সমাদ্দার রাস্তায় চলার সময় এক পুলিশ সদস্য টিপ পরা নিয়ে অপদস্ত করেন বলে অভিযোগ তোলেন তিনি। ঘটনার পর ব্যাপক আলোচনা ও সামাজিক আন্দোলনের সৃষ্টি হয়।

টিপ-কাণ্ড তেজগাঁও কলেজ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:00

URL: <https://www.timestodaybd.com/campus/435422993>